অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/16/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

আনুমানিক 1,200 সাশ্রয়ী বাড়ি প্রদানের জন্য নিউ ইয়র্ক ব্যাপী 21টি উন্নয়ন প্রকল্পকে গভর্নর হোকলের 145 মিলিয়ন ডলার বরাদ্দ দেয়ার ঘোষণা

এই অনুদান স্থানীয় অর্থনীতিতে 500 মিলিয়ন ডলারের বেশি প্রবেশ করাবে, স্টেটের গৃহহীনতা মোকাবেলার প্রচেষ্টাকে আরো সামনে এগিয়ে নিবে, নির্মল জ্বালানি সংক্রান্ত লক্ষ্যগুলোর অগ্রগতি সাধন করবে

চারটি উন্নয়ন প্রকল্প সর্ব-বৈদ্যুতিক সাশ্রয়ী বাড়ির প্রসারের জন্য স্টেটের গৃহীত উদ্যোগের অংশ

দুইটি উন্নয়ন প্রকল্প সেন্ট্রাল ব্রুকলিনে স্বাস্থ্য ও আবাসন অ্যাক্সেসের বৈষম্য মোকাবেলার জন্য নকশাকৃত ভাইটাল ব্রুকলিন ইনিশিয়েটিভের অধীন

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক ব্যাপী 21টি পৃথক উন্নয়ন প্রকল্পে 1,178টি সাশ্রয়ী বাড়ি তৈরি বা সংরক্ষণের জন্য 145 মিলিয়ন ডলারেরও বেশি বরাদ্দ দেয়া হয়েছে। আজকের ঘোষিত অনুদান মহামারী থেকে পুনরুদ্ধারের প্রচেষ্টাকে আরো এগিয়ে নিবে, গৃহহীনতার বিরুদ্ধে লড়াই করবে, নিম্ন আয়ের পরিবারগুলোর জন্য ডিজিটাল ভেদাভেদ ঘুচিয়ে দিতে সাহায্য করবে, এবং স্টেটের নির্মল জ্বালানি সংক্রান্ত লক্ষ্যগুলোর অগ্রগতি সাধন করবে এমন নিরাপদ ও টেকসই সাশ্রয়ী আবাসন সুযোগের অ্যাক্সেস সম্প্রসারণ করবে।

"145 মিলিয়ন ডলারের এই বিনিয়োগ নিউ ইয়র্কবাসীদের প্রাপ্য নিরাপদ, স্বাস্থ্যকর ও সাশ্রয়ী বাড়ি তৈরি ও সংরক্ষণ করার জন্য আমাদের অঙ্গীকারাবদ্ধতাকে নবায়ন করেছে," **বলেছেন গভর্নর হোকল**। "মহামারী থেকে পুনরুদ্ধারের জন্য আমাদের সেরা কৌশল হলো প্রত্যেকের মাথার উপর একটি মজবুত ছাদ থাকা এবং নিরাপদ আবাসনের ব্যবস্থা করতে তাদের প্রয়োজনীয় পরিষেবাগুলোর অ্যাক্সেস পাওয়া নিশ্চিত করা। নির্মল জ্বালানি উন্নয়নের জন্য বাড়তি সংস্থানগুলোর অন্তর্ভুক্তি এবং বিনামূল্যে ব্রডব্যান্ড অ্যাক্সেস আবশ্যক করার মাধ্যমে, আমরা আজকের ও আগামী দিনের সময়গুলোর জন্য একটি অধিকতর শক্তিশালী, আরো বেশি সবুজ ও অধিকতর সমতাপূর্ণ নিউ ইয়র্কের প্রতিশ্রুতি দেয় এমন আবাসন তৈরির মাধ্যমে আগের চেয়ে আরো উন্নত করে নির্মাণ করছি।"

আজ ঘোষণা করা এসব অনুদান নিউ ইয়র্ক স্টেটের হোমস এন্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal)-এর মাল্টিফ্যামিলি ফিন্যান্স RFP (Multifamily Finance

RFP) নামক সাশ্রয়ী ও সহায়তামূলক বহুপরিবারভিত্তিক আবাসন উন্নয়ন প্রকল্পের জন্য নিম্ন-আয়ের আবাসনের জন্য ফেডারেল পর্যায়ের কর ক্রেডিট এবং ভর্তুকি অর্থায়ন প্রদান করতে ব্যবহৃত একটি প্রতিযোগিতামূলক প্রক্রিয়ার মাধ্যমে প্রদান করা হবে। সরকারি ও বেসরকারি উৎস থেকে আসা বাড়তি 394 মিলিয়ন ডলারের সাথে একসঙ্গে, এই নতুন 21টি উন্নয়ন প্রকল্প স্থানীয় অর্থনীতিতে উন্নয়ন খরচ বাবদ মোট 511 মিলিয়ন ডলার প্রবেশ করাবে।

21টি প্রকল্পের সবগুলোর জন্য নিউ ইয়র্ক স্টেটের জলবায়ু নেতৃত্ব ও কমিউনিটি সুরক্ষা আইনে নির্ধারণ করে দেয়া লক্ষ্যগুলো অর্জনের জন্য HCR-এর প্রচেষ্টার অংশ হিসেবে সবুজ ভবনের মানদণ্ডগুলো পূরণ করা আবশ্যক। দেশের সবচেয়ে উচ্চাকাঙ্ক্ষী জলবায়ু ও জ্বালানি পরিকল্পনা, CLCPA 2050 সালের মধ্যে 1990 সালের স্তরের তুলনায় গ্রিনহাউজ গ্যাস নির্গমন 85 শতাংশ কমিয়ে আনা এবং পর্যায়ক্রমে অর্থনীতির সকল খাতে নেট শূন্য নির্গমন অর্জন করা আবশ্যক করেছে।

অনুদানপ্রাপ্ত প্রকল্পগুলোর মধ্যে চারটি এবছরের শুরুতে HCR এবং নিউ ইয়র্ক স্টেটের জ্বালানি গবেষণা ও উন্নয়ন কর্তৃপক্ষ (Energy Research and Development Authority) কর্তৃক চালু করা 7.5 মিলিয়ন ডলারের একটি পাইলট কর্মসূচি, নির্মল জ্বালানি উদ্যোগ (Clean Energy Initiative)-এর তরফ থেকে বাড়তি তহবিল সহায়তা পাবে। এই নির্মল জ্বালানি উদ্যোগ নিউ ইয়র্কের আরো বেশি সংখ্যক পরিবারকে অপেক্ষাকৃত স্বাস্থ্যকর, নির্মল জ্বালানিসম্পন্ন বাড়িতে বসবাস করতে সুযোগ করে দেয়ার পাশাপাশি আবাসন উন্নয়নকারীদের জন্য প্রযুক্তিগত সহায়তা এবং সাশ্রয়ী আবাসন সংক্রান্ত আর্থিক সুযোগ-সুবিধার সহজতর অ্যাক্সেস প্রদান করতে তৈরি করা হয়েছে। এই চারটি প্রকল্প সর্ব-বৈদ্যুতিক এবং/অথবা কার্বন নিরপেক্ষ হবে।

সেইসাথে, এসব উন্নয়ন প্রকল্প নিম্ন আয়ের কমিউনিটিগুলোর জন্য ডিজিটাল ভেদাভেদ ঘুচিয়ে দিতে স্টেটের প্রচেষ্টার অংশ হিসেবে বিনামূল্যে বা কম-খরচে ব্রডব্যান্ড পরিষেবা প্রদান করবে।

সহায়তামূলক আবাসন উন্নয়নে সাহায্য করতে সাতটি প্রকল্পকে নিউ ইয়র্ক স্টেটের সাময়িক ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তর (Office of Temporary and Disability Assistance) কর্তৃক বরাদ্দকৃত, গৃহহীনদের আবাসন সহায়তা কর্মসূচির (Homeless Housing Assistance Program) তরফ থেকে আরো 34.7 মিলিয়ন ডলারের সমন্বিত তহবিল প্রদান করা হয়েছে।

আজকের বরাদ্দগুলির মধ্যে রয়েছে:

নিউ ইয়র্ক সিটি

ব্রুকলিনের ব্রাউন্সভিলে দ্যা রাইজ (The Rise) এর জন্য 15.8 মিলিয়ন ডলার। স্টেটের ভাইটাল ব্রুকলিন ইনিশিয়েটিভ (Vital Brooklyn Initiative)-এর অংশ হিসেবে জেনোলিথ পার্টনার্স, LLC (Xenolith Partners, LLC) এবং উইমেন'স প্রিজন অ্যাসোসিয়েশন (Women's Prison Association) ওয়ান ব্রুকলিন হেলথ সিস্টেম (One Brooklyn Health System)-এর মালিকানাধীন একটি সম্পত্তির পুনঃউন্নয়ন কাজের জন্য নির্বাচিত হয়েছে। এই ভবনে উপরের তলাগুলোতে 72টি সাশ্রয়ী ও সহায়তামূলক অ্যাপার্টমেন্ট থাকবে এবং নিচ তলার বাণিজ্যিক

জায়গা OBHS, ইন্টারফেইথ মেডিকেল সেন্টার (Interfaith Medical Center)-এর বিকল্প আবাসন কর্মসূচি (Alternative Housing Program), এবং কমিউনিটি সক্ষমতা উন্নয়ন (Community Capacity Development) নামক অলাভজনক সংস্থাটি ব্যবহার করবে।

ব্রুকলিনের ক্রাউন হাইটস এলাকায় পার্ক প্লেস (Park Place)-এর জন্য 10.8 মিলিয়ন ডলার। ভাইটাল ব্রুকলিন ইনিশিয়েটিভের এই প্রকল্প ওয়ান ব্রুকলিন হেলথ সিস্টেমের মালিকানাধীন একটি ভূপৃষ্ঠের পার্কিং লটে বিজয়ী ডেভেলপমেন্ট টিম H.E.L.P ডেভেলপমেন্ট কর্প (H.E.L.P Development Corp) কর্তৃক নির্মিত হবে। এই ভবনে 43টি সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট থাকবে, যার মধ্যে আটটি বাড়ি গৃহহীন পরিবারগুলোর জন্য সংরক্ষিত থাকবে, এবং নিচ তলার কমিউনিটি ফ্যাসিলিটি স্পেস উইমেন এন্ড চিলড্রেন অ্যানেক্স (Women and Children Annex) এবং অন্যান্য পরিষেবা প্রদানকারীদের ব্যবহারের জন্য থাকবে।

ব্রঙ্কসের ক্রোটোনা/মরিস্যানিয়া এলাকায় হোমি (Homee) এর জন্য 1.8 মিলিয়ন ডলার। আরবান পাথওয়েজ (Urban Pathways)-এর পরিচালনাধীন বর্তমান 24-বেডের রূপান্তরমূলক আবাসন প্রকল্পটি 79-অ্যাপার্টমেন্টের উন্নয়ন প্রকল্পে রূপান্তর ও সম্প্রসারণ করা হবে। প্রবীণদের জন্য এবং কারারুদ্ধ অবস্থা থেকে মুক্তি পেয়ে পুনরায় সমাজে প্রবেশ করছেন এমন ব্যক্তি সহ প্রাপ্তবয়স্কদের জন্য 55টি সহায়তামূলক বাড়ি, এবং নিম্ন-আয়ের প্রবীণদের জন্য 20টি অ্যাপার্টমেন্ট রয়েছে। অবশিষ্ট নয়টি অ্যাপার্টমেন্ট নিম্ন-আয়ের পরিবারগুলোর জন্য।

<u>রাজধানী অঞ্চল</u>

আলবানিতে স্টিমবোট স্কয়ার (Steamboat Square)-এর জন্য 9.1 মিলিয়ন ডলার। পার্ল ওভারলুক কর্পোরেশন (Pearl Overlook Corporation)-এর এই উন্নয়ন প্রকল্পে আলবানি হাউজিং অথোরিটির (Albany Housing Authority) 51টি অ্যাপার্টমেন্ট সংস্কার করা হবে এবং আলবানির ক্যাপিটাল সাউথ এলাকায় বাড়তি 37টি বাড়ি তৈরি করা হবে। চোদ্দটি অ্যাপার্টমেন্ট গৃহহীন প্রাপ্তবয়স্কদের জন্য সংরক্ষিত থাকবে যারা CARES NY-এর প্রদানকৃত অন-সাইট সহায়তামূলক পরিষেবাগুলোর অ্যাক্সেস পাবেন। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) বর্তমানে অলাভজনক পরিষেবা সংস্থাগুলোর ব্যবহার করা দুইটি বাণিজ্যিক জায়গার সংস্কারকাজের জন্য তহবিল প্রদান করছে। নির্মল জ্বালানি উদ্যোগের তরফ থেকে পাওয়া বাড়তি তহবিল প্রকল্পটিকে একটি নবায়নযোগ্য জ্বালানির উৎস, গ্রাউন্ড সোর্স হিট পাম্প থেকে হিটিং/কুলিং এবং ঘরোয়া গরম পানি প্রদান করার মাধ্যমে উল্লেখযোগ্য ডিকার্বনাইজেশন অর্জনে সাহায্য করবে।

আলবানিতে ক্লিনটন এভিনিউ হিস্টোরিক অ্যাপার্টমেন্ট II (Clinton Avenue Historic Apartments II)-এর জন্য 7 মিলিয়ন ডলার। এই প্রকল্পে 62টি সাশ্রয়ী বাড়ি তৈরির জন্য ছয়টি ঐতিহাসিক রোহাউজ, একটি সাবেক স্কুল এবং একটি তিন-তলা মিশ্র-ব্যবহারের ভবন পুনঃউন্নয়ন অন্তর্ভুক্ত রয়েছে এবং এটি আলবানির ক্লিনটন এভিনিউ এলাকার পুনরুজ্জীবিতকরণ প্রচেষ্টাকে এগিয়ে নিয়ে যাবে। হোম লিজিং (Home Leasing) এবং আলবানি সেন্টার ফর ইকোনোমিক সাক্সেস (Albany Center for Economic Success) কর্তৃক যৌথভাবে

উন্নয়নকৃত এই প্রকল্পে এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট-এর আংশিক অর্থায়নে পরিচালিত একটি নতুন বিজনেস ইনকিউবেটরের জন্য জায়গা রাখা হবে। এছাড়াও ক্লিনটন এভিনিউ হিস্টোরিক অ্যাপার্টমেন্ট II 32টি সর্ব-বৈদ্যুতিক অ্যাপার্টমেন্ট নির্মাণে সহায়তার জন্য নির্মল জ্বালানি উদ্যোগের তরফ থেকে অনুদান পাবে।

<u>**সেন্ট্রাল নিউ ইয়র্ক**</u>

কায়ুগা কাউন্টির পোর্ট বাইরন টাউনে পোর্ট বাইরন অ্যাপার্টমেন্টস (Port Byron Apartments)-এর জন্য 10.6 মিলিয়ন ডলার। এই প্রকল্প 69টি সাশ্রয়ী বাড়িবিশিষ্ট একটি সংলগ্ন ভবন নির্মাণের মাধ্যমে একটি বিদ্যমান বহুপরিবারভিত্তিক সম্পত্তির পুনঃউন্নয়ন ও প্রতিস্থাপন করবে। অ্যাপার্টমেন্টগুলোর মধ্যে ত্রিশটি সহায়তামূলক পরিষেবার প্রয়োজন রয়েছে এমন প্রাপ্তবয়স্ক ব্যক্তি ও প্রবীণদের জন্য। এটির ডেভেলপার হচ্ছে ডি পল প্রোপার্টিজ (DePaul Properties)।

ম্যাডিসন কাউন্টির ক্যাজেনোভিয়া ভিলেজের বুরকে মিডোজ-এ দি ল্যান্ডিং (The Landing)-এর জন্য 6.9 মিলিয়ন ডলার। এই নবনির্মিত বহুপরিবারভিত্তিক উন্নয়ন প্রকল্পে 55 বছর ও তারবেশি বয়সী প্রাপ্তবয়স্ক ব্যক্তিদের জন্য 33টি বাড়ি, এবং 16টি অ্যাপার্টমেন্ট সহ চারটি টাউনহোম ভবন থাকবে। এর মধ্যে দশটি টাউনহোম ইউনিট সহায়তামূলক পরিষেবাগুলোর প্রয়োজন রয়েছে এমন ব্যক্তি ও পরিবারগুলোর জন্য পৃথক করে রাখা হবে। হাউজিং ভিশন্স (Housing Visions) এর ডেভেলপকৃত এই প্রকল্প ডাউনটাউন ক্যাজেনোভিয়ার চলমান পুনরুজ্জীবিতকরণ প্রচেষ্টার পরিপূরক হিসেবে কাজ করবে।

<u>**ফিঙ্গার লেকস**</u>

রচেস্টারে ফেডারেল স্ট্রিটে ছড়িয়ে ছিটিয়ে থাকা সাইটের উন্নয়নের জন্য 8.3 মিলিয়ন ডলার। রচেস্টার হাউজিং অথোরিটি (Rochester Housing Authority) এবং এজমেয়ার ডেভেলপমেন্ট (Edgemere Development) ফেডারেল স্ট্রিট সংলগ্ন আটটি খালি পড়ে থাকা বা পরিত্যক্ত ভবন ভেঙ্গে ফেলবে এবং 18টি বাড়ি তৈরির জন্য দুইটি কম উচ্চতাবিশিষ্ট ভবন এবং একটি একক-পরিবারের ভবন দিয়ে সেগুলো প্রতিস্থাপন করবে। সেইসাথে, বাড়তি আরো 35টি অ্যাপার্টমেন্ট নির্মাণের জন্য ছড়িয়ে ছিটিয়ে থাকা জায়গাগুলোতে 24টি সম্পত্তি পুনর্বাসন বা প্রতিস্থাপন করা হবে। এগুলোর মধ্যে নয়টি বাড়ি কারারুদ্ধ অবস্থা থেকে মুক্তি পেয়ে পুনরায় সমাজে প্রবেশ করছেন এমন ব্যক্তি সহ গৃহহীন ব্যক্তিদের জন্য সংরক্ষিত রাখা হবে।

ওয়াইমিং কাউন্টিতে পেরি ভিলেজের সিলভার লেক মিডোজ-এর জন্য 1.5 মিলিয়ন ডলার। রচেস্টারের কর্নারস্টোন গ্রুপ (Cornerstone Group) এবং ওয়াইমিং কাউন্টি কমিউনিটি অ্যাকশন, ইনক. (Wyoming County Community Action, Inc.) ইতোপূর্বে USDA-রুরাল ডেভেলপমেন্ট সেকশন 515 কর্মসূচির মাধ্যমে নির্মাণকৃত একটি বিদ্যমান সাশ্রয়ী উন্নয়ন প্রকল্পের পুনর্বাসন করবে। এই প্রকল্প 52টি অ্যাপার্টমেন্টের জন্য সামর্থ্যের মধ্যে মূল্য বজায় রাখবে এবং বর্তমান বাসিন্দাদের জীবনযাপনের মান উন্নত করবে।

লং আইল্যান্ড

নাসাউ কাউন্টির ফার্মিংডেল ভিলেজে স্টার্লিং গ্রিন অ্যাট ফার্মিংডেল (Sterling Green at Farmingdale)-এর জন্য 11.9 মিলিয়ন ডলার। ফার্মিংডেল লং আইল্যান্ড রেলরোড স্টেশনের কাছাকাছি এলাকায় ছয়টি আবাসিক ভবন ভেঙ্গে দেয়া হবে এবং 71টি মিশ্র-আয়ের বাড়িবিশিষ্ট একটি তিন-তলা ভবন দিয়ে প্রতিস্থাপন করা হবে। এই উন্নয়ন প্রকল্পের অবস্থান হলো উচ্চ-কার্যকারিতা সম্পন্ন স্কুলের অ্যাক্সেস রয়েছে এমন উচ্চতর সুযোগ-সুবিধাসম্পন্ন এলাকা হিসেবে পরিচিত একটি এলাকায়। ডেভেলপার হলো D&F ডেভেলপমেন্ট (D&F Development)।

নাসাউ কাউন্টির ফ্রিপোর্ট ভিলেজে 206 স্মিথ (206 Smith)-এর জন্য 5 মিলিয়ন ডলার। এই দুই-তলা ভবন একটি খালি জায়গার উপরে নির্মিত হবে এবং এটিতে 31টি মিশ্র-আয়ের অ্যাপার্টমেন্ট থাকবে। এর মধ্যে দশটি বাড়ি সহায়তামূলক পরিষেবার প্রয়োজন রয়েছে এমন ব্যক্তিদের জন্য সংরক্ষিত থাকবে। এই প্রকল্পের ডেভেলপার হলো রিগান ডেভেলপমেন্ট কর্পোরেশন (Regan Development Corporation)।

মিড-হাডসন

ওয়েস্টচেস্টার কাউন্টির হোয়াইট প্লেইন্স-এ মাউন্ট হোপ প্লাজা (Mount Hope Plaza)-এর জন্য 9.4 মিলিয়ন ডলার। মাউন্ট হোপ কমিউনিটি ডেভেলপমেন্ট কর্পোরেশন (Mount Hope Community Development Corporation) মাউন্ট হোপ AME জায়ন চার্চ (Mount Hope AME Zion Church)-এর কাছ থেকে পাওয়া একটি সম্পত্তিতে এই প্রকল্প উন্নয়ন করছে। নতুন অ্যাপার্টমেন্টগুলোর মধ্যে 62 বছর ও তারবেশি বয়সী প্রবীণদের জন্য 35টি বাড়ি, এবং সহায়তামূলক পরিষেবাগুলোর প্রয়োজন রয়েছে এমন ব্যক্তিদের জন্য 20টি অ্যাপার্টমেন্ট থাকবে। এছাড়াও এই উন্নয়ন কাজের মধ্যে অধিবাসীদের এবং সংলগ্ন মাউন্ট হোপ চার্চ কর্তৃক ব্যবহারের জন্য একটি নতুন পার্কিং গ্যারেজ অন্তর্ভুক্ত রয়েছে।

ওয়েস্টচেস্টার কাউন্টির গ্রিনবার্গ টাউনে ড্রোমোর অ্যাপার্টমেন্টস (Dromore Apartments)-এর জন্য 6 মিলিয়ন ডলার। 45-ইউনিটের এই অ্যাপার্টমেন্ট ভবন ওয়াইল্ডার বল্টার পার্টনার্স (Wilder Balter Partners) এবং হাউকিং অ্যাকশন কাউন্সিল (Housing Action Council) কর্তৃক একটি খালি জায়গার উপর নির্মিত হবে। নির্মল জ্বালানি উদ্যোগের অর্থায়নে, এই সর্ব-বৈদ্যুতিক নকশায় ঘরোয়াভাবে গরম পানির ব্যবস্থা করতে হিট পাম্প ওয়াটার হিটার সিস্টেম এবং আলট্রা-হাই পারফর্ম্যান্স বিল্ডিং এনভেলপ থাকবে, যা ভবনটির জ্বালানি ব্যবহার নাটকীয়ভাবে কমিয়ে আনবে।

পাটনাম কাউন্টির কারমেল ভিলেজে হ্যামলেট অ্যাট কারমেল (Hamlet at Carmel)-এর জন্য 5.2 মিলিয়ন ডলার। এই প্রকল্পে পাঁচটি নবনির্মিত ভবনে 75টি বাড়ি থাকবে। এসব অ্যাপার্টমেন্ট উচ্চ-কার্যকারিতা সম্পন্ন স্কুলের অ্যাক্সেস রয়েছে এমন উচ্চতর সুযোগ-সুবিধাসম্পন্ন এলাকা হিসেবে পরিচিত একটি এলাকার আয়ের পরিসরের মধ্যে থাকবে। ডেভেলপার হলো কিয়ার্নি রিয়েলটি (Kearney Realty)।

নর্থ কান্ট্রি

ফ্র্যাঙ্কলিন কাউন্টির ম্যালোন ভিলেজে হ্যারিসন প্লেস (Harison Place)-এর জন্য 4.7 মিলিয়ন ডলার। এই প্রকল্পে ডাউনটাউন এলাকায় এক সারি পরিত্যক্ত, আগুন লেগে ক্ষতিগ্রস্ত হওয়া ভবন পুনঃউন্নয়ন করে সেগুলোকে 40-অ্যাপার্টমেন্টবিশিষ্ট একটি নতুন চার-তলা ভবন দিয়ে প্রতিস্থাপন করা হবে। অ্যাপার্টমেন্টগুলোর মধ্যে অর্ধেক সংখ্যক সহায়তামূলক পরিষেবার প্রয়োজন রয়েছে এমন প্রাপ্তবয়স্ক ব্যক্তিদের জন্য সংরক্ষিত থাকবে। এছাড়াও নিচ তলায় বাণিজ্যিক দোকানের জায়গাও রাখা হবে। ডেভেলপার হলো সিটিজেন্স অ্যাডভোকেটস (Citizens Advocates)।

সাদার্ন টিয়ার

চেমুং কাউন্টির এলমিরাতে রেনল্ডস ওয়ে অ্যাপার্টমেন্টস (Reynolds Way Apartments)-এর জন্য 4.8 মিলিয়ন ডলার। এই প্রকল্পে ডাউনটাউন এলমিরার চারটি পৃথক ঐতিহাসিক সম্পত্তি উন্নয়ন করা হবে এবং সহায়তামূলক পরিষেবাবিশিষ্ট আটটি অ্যাপার্টমেন্ট সহ মোট 42টি অ্যাপার্টমেন্ট তৈরি করা হবে। আর্বার হাউজিং এন্ড ডেভেলপমেন্ট (Arbor Housing & Development) কর্তৃক উন্নয়নকৃত এই প্রকল্প ডাউনটাউন এলমিরায় ইতোমধ্যে চলমান স্টেট-অর্থায়নে পরিচালিত পুনরুজ্জীবিতকরণ প্রচেষ্টাকে সামনে এগিয়ে নিয়ে যাবে।

স্টিউবেন কাউন্টির হরনেল সিটিতে ব্রায়ান্ট স্কুল (Bryant School)-এর জন্য 4.6 মিলিয়ন ডলার। এই প্রকল্পে সাবেক ব্রায়ান্ট এলিমেন্টারি স্কুলের যথাযথ পুনর্ব্যবহার ও সম্প্রসারণ করে 39টি সাশ্রয়ী অ্যাপার্টমেন্টে রূপান্তর করা হবে। এই পুনঃউন্নয়ন হরনেলের ডাউনটাউন ডিস্ট্রিক্টে স্টেটের চলমান পুনরুজ্জীবিতকরণ প্রচেষ্টার পরিপূরক হিসেবে ভূমিকা রাখবে। ডেভেলপার হলো পার্ক গ্রোভ রিয়েল্টি (Park Grove Realty) এবং প্রোভিডেন্স হাউজিং (Providence Housing)।

ব্রুম কাউন্টির ভেস্টাল টাউনে ভেস্টাল শ্যাতো (Vestal Chateau)-এর জন্য 3.5 মিলিয়ন ডলার। এই উন্নয়ন কাজের মধ্যে প্রবীণদের জন্য 24টি বাড়িবিশিষ্ট নবনির্মিত একটি ভবন এবং ব্যক্তি ও পরিবারগুলোর জন্য ছয়টি অ্যাপার্টমেন্ট নিয়ে একটি টাউনহাউজ স্টাইলের ভবন অন্তর্ভুক্ত রয়েছে। ডেভেলপার হলো ফার্স্ট ওয়ার্ড অ্যাকশন কাউন্সিল (First Ward Action Council)।

ওয়েস্টার্ন নিউ ইয়র্ক

এরি কাউন্টির উইলিয়ামসভিল টাউনে ব্লোকার হোমস অ্যাপার্টমেন্টস (Blocher Homes Apartments)-এর জন্য 7.9 মিলিয়ন ডলার। এই প্রকল্পে 93টি সাশ্রয়ী বাড়ি তৈরির জন্য একটি বিদ্যমান বহুপরিবারভিত্তিক ভবনের পুনর্বাসন করা হবে এবং তিনটি বাড়তি ভবন নির্মাণ করা হবে। বিশটি অ্যাপার্টমেন্ট বুদ্ধিবৃত্তিক বা বিকাশ সংক্রান্ত অক্ষমতা রয়েছে এমন ব্যক্তিদের জন্য সংরক্ষিত থাকবে যারা এই প্রকল্পের ডেভেলপার, পিপল কমিউনিটি হাউজিং

ডেভেলপমেন্ট কর্প. (People Community Housing Development Corp.)-এর প্রদানকৃত পরিষেবাগুলোর অ্যাক্সেস পাবেন।

বাফেলোর লাইসিয়ামে অ্যাপার্টমেন্টের জন্য 6.3 মিলিয়ন ডলার। একটি খালি পড়ে থাকা ঐতিহাসিক স্কুলকে 42টি বাড়িতে রূপান্তর করা হবে, যার মধ্যে 12টি অ্যাপার্টমেন্ট গৃহহীন পরিবারগুলোর জন্য সংরক্ষিত থাকবে। এজমেয়ার এবং কমিউনিটি সার্ভিস ফর এভরি-ওয়ান (Community Services for Every1) এর উন্নয়নকৃত এই প্রকল্প ফেডারেল ও স্টেট পর্যায়ের ঐতিহাসিক কর ক্রেডিটও অর্জন করেছে। নির্মল জ্বালানি উদ্যোগের অর্থায়নে, এই সর্ব-বৈদ্যুতিক প্রকল্পে হিটিং ও কুলিং এর জন্য উচ্চ-দক্ষতাসম্পন্ন VRF সিস্টেম, ঘরোয়াভাবে গরম পানির ব্যবস্থা করতে একটি এয়ার টু ওয়াটার হিট পাম্প, এবং উন্নত এনভেলোপ পারফর্ম্যান্স অন্তর্ভুক্ত থাকবে।

ক্যাটারাগাস কাউন্টির অলিন সিটিতে স্টেট স্ট্রিট অ্যাপার্টমেন্টস (State Street Apartments)-এর জন্য 4 মিলিয়ন ডলার। এই উন্নয়ন প্রকল্প একটি খালি পড়ে থাকা ওয়্যারহাউজকে 46টি অ্যাপার্টমেন্টে রূপান্তর করবে। চোদ্দটি বাড়ি গৃহহীন পরিবারগুলোর জন্য সংরক্ষিত থাকবে যারা ক্যাটারাগাস কমিউনিটি অ্যাকশন, ইনক. (Cattaraugus Community Action, Inc.) কর্তৃক প্রদানকৃত পরিষেবাগুলোর অ্যাক্সেস পাবেন। ডেভেলপার হলো CDS মোনার্ক ইনক. (CDS Monarch, Inc.)।

HCR-এর কমিশনার রুথ অ্যান ভিসনাউকাস বলেন, "145 মিলিয়ন ডলার অনুদান প্রদানের আজকের এই ঘোষণা পরিবেশগতভাবে টেকসই প্রায় 1,200 অ্যাপার্টমেন্টের ব্যবস্থা করবে এবং ব্রডব্যান্ড ও সহায়তামূলক সেবা সহ অপরিহার্য পরিষেবাগুলোয় নিউ ইয়র্কবাসীদের অ্যাক্সেস সম্প্রসারণ করবে। এই 21টি অনুদান দেখিয়ে দিয়েছে যে আমরা মানসম্মত সাশ্রয়ী আবাসন উন্নয়নের মাধ্যমে গৃহহীনতা ও আবাসনের অনিরাপত্তার বিরুদ্ধে লড়াই করা এবং আমাদের কমিউনিটিগুলোর অর্থনৈতিক স্বাস্থ্যের উন্নয়ন করার প্রতি মনোযোগ ধরে রেখেছি। স্টেট ব্যাপী, আমাদের বিনিয়োগগুলো নিউ ইয়র্কবাসীদের জন্য তাদের বয়স, সক্ষমতা, বা আয় নির্বিশেষে নিজেদের বাড়ি হিসেবে পরিচয় দিতে পারার মতো সাশ্রয়ী বাড়িগুলোতে তাদের জন্য সফলতা ও সমৃদ্ধি অর্জনের সুযোগ করে দিচ্ছে। এতো বেশি সংখ্যক মেধাবী উন্নয়ন অংশীদারকে পাশে পেয়ে আমরা কৃতজ্ঞ এবং আমাদের অনুদানপ্রাপ্তদের সবাইকে আমরা অভিনন্দন জানাই।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট-এর ভারপ্রাপ্ত কমিশনার এবং প্রেসিডেন্ট ও CEO পদে মনোনীত হোপ নাইট বলেন, "এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট এসব গুরুত্বপূর্ণ উদ্যোগে সহায়তা করার জন্য HCR এবং অন্যান্য স্টেট সংস্থার সাথে অংশীদার হতে পেরে গর্বিত। আবাসনের স্থিতিশীলতা এবং সহায়তামূলক পরিষেবা অর্থনৈতিক সাফল্যের চাবিকাঠি। এসব প্রকল্প নিউ ইয়র্কবাসীদেরকে তাদের সমৃদ্ধির জন্য প্রয়োজনীয় সরঞ্জামগুলো প্রদান করছে এবং স্টেটব্যাপী অধিকতর শক্তিশালী কমিউনিটি গড়ে তুলতে সাহায্য করবে।"

NYSERDA-এর প্রেসিডেন্ট ও CEO ডোরিন এম. হ্যারিস বলেন, "এসব প্রকল্প সব নিউ ইয়র্কবাসীর জন্য সাশ্রয়ী আবাসন ও জলবায়ু সংকটের দ্বৈত সমস্যা মোকাবেলায় স্টেটের অঙ্গীকার এবং উল্লেখযোগ্য মাইলফলকের প্রতিনিধিত্ব করে। এসব বিনিয়োগ নিম্ন-থেকে-মধ্যম

আয়ের এবং গৃহহীন পরিবারগুলোর জন্য স্বাচ্ছন্দ্যপূর্ণ ও উচ্চ-দক্ষতাসম্পন্ন বাড়ির ব্যবস্থা করাকে অগ্রাধিকার দিচ্ছে, যার মধ্যে চারটি জায়গায় সর্ব-বৈদ্যুতিক নির্মাণকাজ সম্পন্ন করাও অন্তর্ভুক্ত রয়েছে, যা স্টেটব্যাপী উল্লেখযোগ্য অর্থনৈতিক উন্নয়নের সুযোগ নিয়ে আসবে এবং অপেক্ষাকৃত নির্মল, স্বাস্থ্যকর কমিউনিটি লালন করবে।"

সাময়িক ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তরের অ্যাসিস্ট্যান্ট এক্সিকিউটিভ ডেপুটি কমিশনার বারবারা সি. গুইন বলেন, "সাশ্রয়ী বাড়ি এবং সহায়তামূলক পরিষেবাগুলোর অ্যাক্সেস প্রদান করাটা গৃহহীনতা ও আবাসনের অস্থিতিশীলতা কমিয়ে আনার কার্যকর উপায়। এই তহবিল অরক্ষিত নিউ ইয়র্কবাসীদেরকে তারা নতুনভাবে জীবন শুরু করার জন্য এবং স্বনির্ভর হয়ে বাঁচার জন্য আস্থা রাখতে পারেন এমন স্থায়ী আবাসন ও সহায়তা প্রদান করবে। এধরনের প্রকল্পগুলোতে গভর্নর হোকলের অব্যাহত সমর্থনের জন্য এবং আমাদের স্টেটব্যাপী গৃহহীনতার সমস্যা মোকাবেলার জন্য একটি সাধারণ বিবেচনার উপায় বেছে নেয়ার জন্য আমি তার প্রশংসা করি।"

সিনেট হাউজিং কমিটির সভাপতি সিনেটর ব্রায়ান কাভানাঘ বলেন, "এই অতি গুরুত্বপূর্ণ তহবিল আমাদের কমিউনিটিগুলোর কাছে পৌঁছে দেয়ার জন্য আমি গভর্নর ক্যাথি হোকল ও কমিশনার রুথ অ্যান ভিসনাউকাসের প্রশংসা করি। কোভিড-19 মহামারী থেকে পুনরুদ্ধারের জন্য অব্যাহতভাবে কাজ করে যাওয়ার এই সময়ে, এসব অনুদান একটি তাৎক্ষণিক অর্থনৈতিক গতিশীলতা নিয়ে আসবে এবং শীঘ্রই আরো বেশি সাশ্রয়ী আবাসন যোগ করে আশেপাশের অঞ্চলকে পুনরুজ্জীবিত করতে সাহায্য করবে। এছাড়া এটিও গুরুত্বপূর্ণ যে 21টি প্রকল্পের সবগুলোই আবশ্যিকভাবে সবুজ ভবনের মানদণ্ড পূরণ করবে। সামনের সময়গুলোতে পরিবেশগত স্থিতিশীলতা সরকারি অর্থায়নের সব উন্নয়ন প্রকল্পের অংশ হওয়া উচিত।"

অ্যাসেম্বলির হাউজিং কমিটির সভাপতি অ্যাসেম্বলিম্যান স্টিভেন সিমব্রোউইটজ বলেন, "এমন এক সময়ে, যখন নিউ ইয়র্কবাসীদের বিশাল একটি অংশ কোভিড সংকটের ফলে তৈরি হওয়া আর্থিক কষ্ট মোকাবেলা করতে সংগ্রাম করে চলেছেন, নিউ ইয়র্ক স্টেটের হোমস এন্ড কমিউনিটি রিনিউয়াল যে স্টেটব্যাপী কঠোর পরিশ্রমী পরিবারগুলোর জন্য নিরাপদ ও সাশ্রয়ী আবাসনের অ্যাক্সেস পাওয়া সম্ভব করে তুলছে এবং একইসাথে কমিউনিটিগুলোকে অধিকতর স্থিতিশীল করছে এবং নিউ ইয়র্কের নির্মল জ্বালানি বিষয়ক অঙ্গীকারকে সামনে এগিয়ে নিচ্ছে, তা বিশেষভাবে গুরুত্বপূর্ণ।"

অনুদান সম্পর্কে আরো বিস্তারিত তথ্যের জন্য, HCR-এর ওয়েবসাইটে ভিজিট করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন